# তারেক রহমানের প্রতিনিধিত্বে শহীদ বুদ্ধিজীবীদের প্রতি বিএনপির শ্রদ্ধা



সংগৃহীত ছবি

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বিএনপি চেয়ারপার্সন ও দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে শহীদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। রোববার (১৪ ডিসেম্বর) সকালে মিরপুরের শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে এই শ্রদ্ধা জানানো হয়।

এসময় উপস্থিত ছিলেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শ্রদ্ধা নিবেদন শেষে তিনি বলেন, শহীদ বুদ্ধিজীবীদের আত্মত্যাগের আদর্শ ধারণ করেই তারেক রহমান একটি নতুন ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখছেন, যা একদিন বাস্তবায়িত হবে।

মির্জা ফখরুল আরও বলেন, মহান বিজয়ের প্রাক্কালে জাতিকে মেধাশূন্য করার উদ্দেশ্যে পরিকল্পিতভাবে বুদ্ধিজীবীদের হত্যা করা হয়েছিল। তবে সেই অপচেষ্টা সত্ত্বেও পাকিস্তানি বাহিনী ও তাদের সহযোগীরা সফল হতে পারেনি।

তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, দেশের সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষায় বিএনপি ভবিষ্যতেও দৃঢ় ভূমিকা রাখবে। সকল ষড়যন্ত্র উপেক্ষা করে দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হবে বলেও তিনি প্রত্যাশা প্রকাশ করেন।